১৬ সেপ্টেম্বর, ২০২৬

# জুলাই স্মৃতি জাদুঘরের ডিজি হলেন সাংবাদিক এহসান মাহমুদ



সাংবাদিক এহসান মাহমুদ। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরের মহাপরিচালক (ডিজি) পদে সাংবাদিক ও কথাসাহিত্যিক এহসান মাহমুদকে নিয়োগ দিয়েছে সরকার।

বুধবার (১৬ সেপ্টেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে এ নিয়োগের কথা জানানো হয়।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর আইন ২০২৬-এর ১২(২) ধারা অনুযায়ী চুক্তিভিত্তিক নিয়োগ পেয়েছেন এহসান মাহমুদ। যোগদানের তারিখ থেকে এক বছর তিনি এ পদে দায়িত্ব পালন করবেন।

নিয়োগের মেয়াদে অন্য কোনো পেশা বা ব্যবসার সঙ্গে যুক্ত হতে পারবেন না তিনি। পাশাপাশি সরকারি আধা-সরকারি কিংবা বেসরকারি কোনো প্রতিষ্ঠানের সঙ্গেও কর্মসম্পর্ক রাখা যাবে না। জনস্বার্থে এই নিয়োগ দেওয়া হয়েছে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে।

সাংবাদিকতায় দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে এহসান মাহমুদের। দৈনিক সমকাল দেশ রূপান্তর ভয়েস অব আমেরিকা বাংলা মানবজমিন ও নেত্র নিউজসহ বিভিন্ন গণমাধ্যমে কাজ করেছেন তিনি।

সাংবাদিকতার পাশাপাশি সাহিত্যচর্চাতেও তার সক্রিয়তা রয়েছে। ‘একাত্তরের লালমিয়া’ ও ‘কোকিল অসময়ে ডাকিয়াছিল’ তার উল্লেখযোগ্য উপন্যাস। এছাড়া ‘আদিবাসী প্রেমিকার মুখ’ নামে একটি কবিতার বইও প্রকাশিত হয়েছে। প্রবন্ধ ও রাজনীতি বিষয়েও তার বিভিন্ন লেখা ও প্রকাশনা রয়েছে।